

২০২০

বাংলা — সাধারণ

তৃতীয় সেমেস্টার

পত্র : CC/GE-3

(বাংলা কাব্যকবিতা ও নাটক)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ‘পূর্বরাগ’ কী? ‘পূর্বরাগ’ পর্যায়ে শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬
অথবা,
(খ) “নীরদনয়নে নীর ঘন সিঞ্চে” — পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) ‘সাধারণ মেয়ে’ কবিতায় বক্তা শরৎবাবুর কাছে কীরকম গল্প লিখতে অনুরোধ করেছে তা নিজের ভাষায় লেখো। ১০
অথবা,
(খ) ‘কেউ কথা রাখেনি’ কবিতায় বক্তার আশাহত হওয়ার কারণগুলি নিজের ভাষায় লেখো। ১০
- ৩। (ক) ‘রাজা ও রানী’ নাটক অবলম্বনে রাজা বিক্রমদেবের চরিত্রটির পরিচয় দাও। ১০
অথবা,
(খ) ‘রাজা ও রানী’ নাটকের বিভিন্ন চরিত্রের সংলাপের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০
- ৪। (ক) “গাগরি বারি চারি করি পীছল / চলতহি অঙ্গুলি চাপি” — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
অথবা,
(খ) “আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ/জরা শিশু কতদিন গেলা” — উক্তিটির তাৎপর্য কী? ৫
- ৫। (ক) “আধমরা হয়েও বেঁচে ওঠে” — কার কথা বলা হয়েছে? সে কেন আধমরা হয়েছিল? ১+৪
অথবা,
(খ) “দিনের ভাগাড়ে নামে রাত্রে শকুন” — একথা কেন বলা হয়েছে? ৫
- ৬। (ক) “অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী।” — উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ৫
অথবা,
(খ) “যুদ্ধ বীরধর্ম বটে ক্ষমা তার চেয়ে/বীরত্ব অধিক” — বক্তা একথা কেন বলেছেন? ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “বঁধু তুমি যে আমার প্রাণ” — বক্তা একথা কেন বলেছেন সংক্ষেপে লেখো।
 (খ) “লোহার-গরাদ দেওয়া একতলা ঘর” — ঘরটির বর্ণনা দাও।
 (গ) “সন্ধি নহে— যুদ্ধ চাই আমি।” — প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

- (ক) “দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে” — পদটি কার লেখা?
 (খ) “দরশ পরশ লাগি আউলাইছে গা” — ‘আউলাইছে’ শব্দটির অর্থ কী?
 (গ) “তহিঁ অতি দূরতর বাদর দোল” — অংশটি চলিত গদ্যে লেখো।
 (ঘ) “বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি” — ‘নারিনু’ শব্দটির অর্থ কী?
 (ঙ) “সখি কি পুছসি অনুভব মোয়” — এটি কোন পর্যায়ের পদ?
 (চ) ‘প্রথম পূজা’ কবিতায় উক্ত নৃপতির নাম কী?
 (ছ) ‘ছেলেটা’ কবিতায় ছেলেটার বয়স কত?
 (জ) “যারা সারা দিন রৌদ্রে খাটে, সারা রাত ঘুমুতে পারে না” — কোন কবিতার অংশ?
 (ঝ) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতায় আলপথের পাশে কোন গাছের উপস্থিতির কথা বলা হয়েছে?
 (ঞ) বোষ্টুমি কবে অস্তরাতুকু শুনিয়া যাবে বলেছিল?
 (ট) ‘রাজা ও রানী’ নাটকে কাশ্মীরের রাজার নাম কী?
 (ঠ) ‘রাজা ও রানী’ নাটকের কয়টি অঙ্ক ও কয়টি দৃশ্য?
 (ড) শাস্ত্রহীন ব্রাহ্মণ কে ছিলেন?
 (ঢ) ‘রাজা ও রানী’ নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যে নানা পেশার মানুষের কথা রয়েছে। এই অংশে কোন তঁতির কথা রয়েছে?
 (ণ) ‘রাজা ও রানী’ নাটকে জালন্ধরের মহিষীর নাম কী?